
# মিটফোর্ডে ব্যবসায়ী হত্যার বিচার হবে দ্রুত বিচার ট্রাইব্যুনালে: আইন উপদেষ্টা



আইন উপদেষ্টা আসিফ নজরুল: সংগৃহীত ছবি

পুরান ঢাকার মিটফোর্ড হাসপাতালের মূল ফটকের সামনে ভাঙারি ব্যবসায়ী মোহাম্মদ চাঁদ মিয়া ওরফে সোহাগকে নির্মমভাবে হত্যার ঘটনায় দ্রুত বিচার ট্রাইব্যুনালের আওতায় বিচার সম্পন্ন করা হবে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল।

শনিবার (১২ জুলাই) তার ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি বলেন, "মিটফোর্ডের এই বিভৎস হত্যাকাণ্ডে জড়িতদের দ্রুততম সময়ের মধ্যে বিচারের মুখোমুখি করা হবে। সরকার এ বিষয়ে অঙ্গীকারবদ্ধ এবং কোনো ধরনের ছাড় দেওয়া হবে না।"

তিনি আরও জানান, এই ঘটনায় জড়িত সন্দেহে ইতোমধ্যেই পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে এবং পুলিশ অত্যন্ত গুরুত্বসহকারে তদন্ত কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

আইন উপদেষ্টা উল্লেখ করেন, এই মামলাটি 'দ্রুত বিচার ট্রাইব্যুনাল আইন, ২০০২'-এর ধারা ১০ অনুযায়ী দ্রুত বিচার ট্রাইব্যুনালে স্থানান্তর করা হবে। বিচার প্রক্রিয়া যেন বিলম্বিত না হয়, সে বিষয়েও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দেওয়া হচ্ছে।

LENS ASIA

তিনি বলেন, "এই বর্বর হত্যাকাণ্ডের কঠোর শাস্তি নিশ্চিত করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। জনগণের আস্থা ফেরাতে এবং অপরাধ দমন করতে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে।"